

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা/ইউজিসি/২০১৫/২০০৯

তারিখ: ০৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।


স্মারক নং-ইউজিসি/প্রশাঃ/৪(৪)/ ৭৩/১১-২/৬৮১০, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, তারিখ : ২১ আগস্ট, ২০১৬ খ্রি.
০৩৭.০০.০০০০.০৭২. ৪৪.০১৯.১৬-১৭৯, শিক্ষা মন্ত্রণালয়, তারিখ : ১৪ আগস্ট, ২০১৬ খ্রি.
০৩.০৭৯.০১৮.০১২.০৩.২০১৬-৫৫০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তারিখ : ০২ আগস্ট, ২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের আলোকে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষকে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো:

১. সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ সকল শ্রেণির মাদরাসায় নিয়মিত ও বাধ্যতামূলকভাবে সাংস্কৃতিক কর্মকাণ্ড, খেলাধুলা, স্কাউটিং ও সময় ভিত্তিক বিভিন্ন ধরনের সৃজনশীল কর্মকাণ্ড ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন নিশ্চিত করতে হবে।
২. কোন শিক্ষা প্রতিষ্ঠানে ২ সপ্তাহের বেশি সময় যৌক্তিক কারণ ব্যতিত কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে তার তথ্যাদি নিয়মিত পরিবীক্ষণ করতে হবে।
৩. শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অভিভাবক-শিক্ষক, ছাত্র-ছাত্রী সমন্বয়ে অভিভাবক সমাবেশ আয়োজন করা এবং নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করাসহ দৈনন্দিন প্রাত্যহিক সমাবেশ, সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী কাউন্সিলিং করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
৪. স্কুল-কলেজ-মাদরাসা ও বিশ্ববিদ্যালয়গুলোতে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী নিয়মিত এডবোকেসি করার উদ্যোগ নিতে হবে।
৫. সন্ত্রাস-জঙ্গিবাদ, মাদকতা ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করণীয়, ছাত্র-ছাত্রীদের জন্য করণীয় ও বর্জনীয় এবং শিক্ষক-অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টানিয়ে দেয়ার ব্যবস্থা নিতে হবে।
৬. সন্ত্রাস ও জঙ্গিবাদকে আদর্শগতভাবে মোকাবেলার জন্য প্রয়োজনীয় কর্ম কৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করতে হবে।
৭. মাদরাসা ও ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানের কারিকুলামসহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার কারিকুলামে যাতে মুক্তিযুদ্ধের চেতনা ও দেশাত্মবোধ সৃষ্টির উপকরণ থাকে এবং কোমলমতি শিক্ষার্থী কর্তৃক সন্ত্রাস-জঙ্গিবাদে উৎসাহিত হওয়ার কোন উপকরণ না থাকে তা নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য যে, উক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থাগ্রহণ করে প্রতি মাসের ৩০ তারিখে (উক্ত তারিখে ছুটির দিন থাকলে পরবর্তী দিন) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


(মো: রোশন খান)
২৩/৯/২০১৬

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

অধ্যক্ষ

সকল ফাজিল ও কামিল মাদরাসা।